

## **ার্যা** নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

## (১০) নিয়ত বিশুদ্ধ হওয়ার তাৎপর্য কী?

নিয়ত বিশুদ্ধ হওয়ার অর্থ হচ্ছে বান্দা তার প্রকাশ্য এবং অপ্রকাশ্য সকল কথা ও কাজের মাধ্যমে একমাত্র আল্লাহর সম্ভুষ্টি কামনা করবে। আল্লাহ তাআলা বলেনঃ

"তাদেরকে এ ছাড়া কোন নির্দেশ করা হয়নি যে, তারা খাঁটি মনে একনিষ্ঠভাবে আল্লাহর এবাদত করবে"। (সূরা আল-বাইয়্যিনাহঃ ৫) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

"এবং তাঁর উপর কারও এমন কোন অনুগ্রহ নেই, যার বিনিময় প্রদান করা হচ্ছে; বরং তার মহান প্রভুর সম্ভুষ্টি অর্জনের জন্যই"। (সূরা আল-লাইলঃ ১৯-২০) আল্লাহ্ তাআলা বলেনঃ

"তারা বলেঃ আমরা কেবল আল্লাহর সম্ভুষ্টি অর্জনের জন্যই তোমাদেরকে আহার প্রদান করি। তোমাদের পক্ষ হতে কোন প্রতিদান ও কৃতজ্ঞতা কামনা করি না"। (সূরা আল-ইনসানঃ ৯) আল্লাহ্ তা'আলা বলেনঃ

مَنْ كَانَ يُرِيدُ حَرْثَ الآخِرَةِ نَزِدْ لَهُ فِي حَرْثِهِ وَمَنْ كَانَ يُرِيدُ حَرْثَ الدُّنْيَا نُؤَتِهِ مِنْهَا وَمَا لَهُ فِي الآخِرَةِ مِنْ نَصِيبٍ "যে কেউ পরকালের ফসল কামনা করে, আমি তার জন্য সেই ফসল বাড়িয়ে দেই। আর যে ইংকালের ফসল কামনা করে, আমি তাকে এর কিছু দিয়ে দেই। আর পরকালে তার কোন অংশ থাকবে না"। (সূরা ভারাঃ ২০) এ মর্মে আরো আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2027

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন